দৈনিক ইত্তেফাক

তারিখ ...29 OCT 1992...
পৃষ্ঠা... ১ ... কলাম ... ৪ ...

৩৮

# নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র বাতিলের গুজব ।। যানবাহন ভাংচুর ।। গ্রেফতার ২২

স্টাফ রিপোর্টার ।। এস এস সি পরীক্ষার নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র বাতিল হইতে পারে এইগুজবকে কেন্দ্র করিয়া গতকাল (বুধবার)

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র

( ১ম পৃ: পর )

দুপুরে ছাত্রদের একটি বিক্ষোভ মিছিল মীরপুর ১০ নং সেকশনের গোলচক্কর অতিক্রম করার সময় উত্তেজিত ছাত্ররা বিমানবাহিনীর একটি ষ্টাফ বাস ও ৭টি মিনিবাস ভাংচুর করে। এই সময় পুলিশের সঙ্গে মিছিলকারীদের সংঘর্ষ হয় এবং পুলিশ মিছিলকারীদের লাঠি চার্জ করিয়া পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এই ঘটনায় ৪জন ছাত্র আহত হয়। আহতদের চিকিৎসার জন্য হাসপাতালে প্রেরণ করা হয়। পুলিশ ভাংচুরের ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে ২২ জন ছাত্রকে গ্রেফতার করিয়াছে। এ ব্যাপারে মীরপুর থানায় মামলা দায়ের করা হইয়াছে। গতকাল রাত্র সাড়ে ৯টায় উক্ত থানার সঙ্গে যোগাযোগ করা হইলে ডিউটি অফিসার জানায়, গ্রেফতারকৃত ২২ জন ছাত্রের ব্যাপারে তদন্ত চলিতেছে।

একই সময় দক্ষিণ বাড্ডায় এলাকার ছাত্ররা একটি বিক্ষোভ মিছিল বাহির করে। স্থানীয় একটি উচ্চ বিদ্যালয়ের সম্মুখ দিয়া মিছিলটি যাওয়ার সময় উত্তেজিত ছাত্ররা ইটপাটকেল নিক্ষেপ করে। এই ঘটনায় উক্ত স্কুলের দারোয়ান সাইদুর রহমান (৩৫) ও সুইপার তারা মিয়া (৪০) আহত হয়। আহতদের ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর ছাড়িয়া দেওয়া হয়।